# UAP-PRD Press Clippings
# November 17, 2016

প্রথম আলো বিজ্ঞান ও প্রযুক্তি

## এসিএম-আইসিপিসির ঢাকা পর্ব কাল

এস এম নজিবুল্লাহ চৌধুরী | আপডেট: ০০:১১, নভেম্বর ১৭, ২০১৬ |

বিশ্ববিদ্যালয়পড়ুয়া শিক্ষার্থীদের জন্য রাজধানীর ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকে (ইউএপি) আগামীকাল শুক্রবার থেকে শুরু হচ্ছে দুই দিনের কম্পিউটার প্রোগ্রামিং-বিষয়ক এসিএম আন্তর্জাতিক কলেজিয়েট প্রোগ্রামিং প্রতিযোগিতার (আইসিপিসি) ঢাকা পর্ব। শুক্রবার বিকেলে উদ্বোধনী অনুষ্ঠানের পর শুরু হবে মূল প্রতিযোগিতা। পরদিন সন্ধ্যায় সমাপনী অনুষ্ঠানে পুরস্কার ঘোষণার মধ্য দিয়ে শেষ হবে এই ঢাকা পর্ব। গতকাল বুধবার ইউএপিতে আয়োজিত সংবাদ সম্মেলনে প্রতিযোগিতার বিস্তারিত তুলে ধরেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য জামিলুর রেজা চৌধুরী।

সংবাদ সম্মেলনে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার কৌশল বিভাগের অধ্যাপক মোহাম্মদ কায়কোবাদ বলেন, 'তথ্যপ্রযুক্তিতে এগিয়ে থাকা অনেক দেশের প্রতিযোগীদের আন্তর্জাতিক প্রোগ্রামিং প্রতিযোগিতায় পেছনে ফেলছে আমাদের ছেলেরা। এ থেকেই বোঝা যায়, প্রোগ্রামিংয়ে আমাদের দক্ষতা বাড়ছে।' এ সময় উপস্থিত ছিলেন ইউএপির কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল (সিএসই) বিভাগের প্রধান বিলকিস জামাল ফেরদৌসী। সংবাদ সম্মেলনে জানানো হয়, ঢাকা পর্বে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ১২৫টি দল অংশ নেবে। প্রতিটি দলে তিনজন করে প্রতিযোগী। এর আগে প্রাথমিক পর্যায়ে অনলাইন প্রতিযোগিতায় ৮১টি শিক্ষাপ্রতিষ্ঠানের ১ হাজার ৫৬৬টি দল অংশ নিয়েছিল। সে প্রতিযোগিতায় বিজয়ী দলগুলো ঢাকা পর্বের প্রতিযোগিতায় অংশ নেবে।

এবারের এসিএম-আইসিপিসি প্রতিযোগিতার আঞ্চলিক পর্বের আয়োজক ইউএপি। সহযোগিতা করছে সরকারের তথ্য ও যোগাযোগপ্রযুক্তি (আইসিটি) বিভাগ, এথিকস অ্যাডভান্সড টেকনোলজিস লিমিটেড, লিড সফট, দোহাটেক, বিকাশ, এসইএল ও সাউথইস্ট ব্যাংক।

Link-http://www.prothom-alo.com/technology/article/1022133/%E0%A6%8F%E0%A6%B8%E0%A6%BF%E0%A6%8F%E0%A6%AE-%E0%A6%86%E0%A6%87%E0%A6%B8%E0%A6%BF%E0%A6%AA%E0%A6%BF%E0%A6%B8%E0%A6%BF%E0%A6%B0-%E0%A6%A2%E0%A6%BE%E0%A6%95%E0%A6%BE-%E0%A6%AA%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%AC-%E0%A6%95%E0%A6%BE%E0%A6%B2

The Daily Star

# Regional programming contest begins at UAP tomorrow

**November 17, 2016**

**Staff Correspondent**
A two-day regional programming contest for university students will begin tomorrow at the University of Asia Pacific (UAP) in the capital.

The Department of Computer and Engineering (CSE) of the university is organising the contest titled "2016 ACM-ICPC Asia Dhaka Regional Contest" where 125 teams from different educational institutions are participating, UAP disclosed at a press conference at its office yesterday.

The Association for Computing Machinery (ACM) -International Collegiate Programming Contest (ICPC) is a team-based competition in which every team is given mathematical and logical problems to solve using programming language.

Prof Jamilur Reza Choudhury, UAP vice-chancellor, hoped that three to four teams, consisted of three members each, will participate in the final at South Dakota of USA.

Compared to last year, the number of competitors is 65 percent higher which reflects the growing interest of young programmers, he added.

Prize money of Tk 4 lakh will be awarded to the contestants in different categories.

Link- http://www.thedailystar.net/city/regional-programming-contest-begins-uap-tomorrow-1315951

আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন

# মেধাভিত্তিক প্রতিযোগিতায় এগিয়ে যাচ্ছে বাংলাদেশ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

১৭ নভেম্বর, ২০১৬



জামিলুর রেজা চৌধুরী

‘বিশ্বের সবচেয়ে মর্যাদাপূর্ণ দলভিত্তিক বার্ষিক প্রোগ্রামিং প্রতিযোগিতা এসিএম-আইসিপিসিসহ (অ্যাসোসিয়েশন ফর কম্পিউটিং মেশিনারি-ইন্টারন্যাশনাল কলেজিয়েট প্রোগ্রামিং কনটেস্ট) বিভিন্ন মেধাভিত্তিক প্রতিযোগিতায় এগিয়ে যাচ্ছে বাংলাদেশ। বিশ্বের অনেক স্বনামধন্য বিশ্ববিদ্যালয়কে পেছনে ফেলে সামনের সারিতে অবস্থান করে নিচ্ছে আমাদের বিশ্ববিদ্যালয়গুলো। আশা করি ভবিষ্যতে আমরা আরও ভালো করব।’ দুই দিনব্যাপী এসিএম-আইসিপিসি ঢাকা আঞ্চলিক প্রতিযোগিতার উদ্বোধন উপলক্ষে গতকাল আয়োজিত এক সংবাদ সম্মেলনে ইউএপির উপাচার্য অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী এসব কথা বলেন। এ সময় উপস্থিত ছিলেন ইউএপির কোষাধ্যক্ষ ইশফাক ইলাহী চৌধুরী, রেজিস্ট্রার সারওয়ার রাজ্জাক চৌধুরী, বুয়েটের অধ্যাপক ড. এম কায়কোবাদ, ইউএপির কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের প্রধান ড. বিলকিস জামাল ফেরদৌসী প্রমুখ। ইউএপির কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ আয়োজিত এ প্রতিযোগিতা আগামীকাল থেকে বিশ্ববিদ্যালয়টির সিটি ক্যাম্পাসে শুরু হচ্ছে। এতে ৮১টি শিক্ষাপ্রতিষ্ঠানের এক হাজার ৬৬৫টি দল অংশগ্রহণ করবে। বিজয়ী তিন বা চারটি দল আমেরিকায় অনুষ্ঠেয় ফাইনাল প্রতিযোগিতায় অংশ নেবে। অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী বলেন, ‘১৯৯৮ সাল থেকে এসিএম-আইসিপিসি বিশ্ব ফাইনাল প্রতিযোগিতায় বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের দলসমূহ নিয়মিতভাবে অংশগ্রহণ করে আসছে। এরই অংশ হিসেবে দুই দিনব্যাপী ঢাকা আঞ্চলিক প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। ২০১৫ সালে ৭৫টি প্রতিষ্ঠানের ৯৮৫টি দল এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছিল। এবারের প্রতিযোগিতায় রেকর্ডসংখ্যক প্রতিযোগী দল অংশগ্রহণ করছে, যার মধ্যে প্রথমবারের মতো ১২৯টি মেয়েদের দল রয়েছে। প্রতিটি দলে থাকছে তিনজন প্রতিযোগী। প্রতিযোগিতার প্রত্যেক তরুণ প্রোগ্রামারের মধ্যে ক্রমাগত আগ্রহ বৃদ্ধি বিশ্বের দরবারে আমাদের অবস্থান তৈরিতে সহায়তা করবে।’ তিনি জানান, শুক্রবার প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সচিব শ্যামসুন্দর শিকদার, ইউএপির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান কাইয়ুম রেজা চৌধুরী, এসিএম-আইসিপিসির এশিয়া অঞ্চলের পরিচালক ও আমেরিকার টেক্সাস স্টেট বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সি জে হুয়াং প্রমুখ। প্রতিযোগিতার দ্বিতীয় দিন শনিবার পুরস্কার বিতরণী ও সমাপনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত, আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক প্রমুখ। এদিন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে বিভিন্ন ক্যাটাগরিতে চার লাখ টাকা পুরস্কার হিসেবে বিতরণ করা হবে।

Link-http://www.bd-pratidin.com/first-page/2016/11/17/185337

সমকাল

# এসিএম-আইসিপিসি, কাল শুরু হচ্ছে ঢাকা পর্ব

১৭ নভেম্বর ২০১৬

আগামীকাল শুক্রবার থেকে শুরু হচ্ছে বিশ্বের সবচেয়ে বড় মর্যাদাপূর্ণ প্রোগ্রামিং প্রতিযোগিতা 'আন্তর্জাতিক কলেজিয়েট প্রোগ্রামিং প্রতিযোগিতা এসিএম-আইসিপিসি' ঢাকা পর্বের চূড়ান্ত আসর। রাজধানীর ফার্মগেটে ইউনিভার্সিটি অব এশিয়া-প্যাসিফিকে অনুষ্ঠেয় এ প্রতিযোগিতায় দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশ নেবে।

এসিএম-আইসিপিসি ঢাকা পর্বের আয়োজন নিয়ে সংবাদ সম্মেলনে বিস্তারিত তুলে ধরা হয়। এশিয়া প্যাসিফিক ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত এ আয়োজনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও প্রতিযোগিতাটির আঞ্চলিক পরিচালক অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী বলেন, মূল প্রতিযোগিতা শুরু হবে আগামী শনিবার। তবে প্রোগ্রামিং প্রতিযোগিতাটি উদ্বোধন হবে শুক্রবার। উদ্বোধনের পর স্কুল-কলেজের শিক্ষার্থীরা প্রোগ্রামিংবিষয়ক বিভিন্ন আয়োজনে অংশ নেবে। অনুষ্ঠানে বুয়েটের অধ্যাপক ড. মোহাম্মদ কায়কোবাদ, এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের প্রধান বিলকিস জামাল ফেরদৌসী, কোষাধ্যক্ষ ইশফাক এলাহী চৌধুরী, রেজিস্ট্রার সরওয়ার আর চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন। মূলত আন্তর্জাতিক এ প্রতিযোগিতার মূল আসরে অংশগ্রহণকারী দল বাছাইয়ে বিশ্বের বিভিন্ন দেশে আঞ্চলিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়ে থাকে। এ প্রতিযোগিতায় বিজয়ী দলগুলোকে বিশ্ব আসরের জন্য মনোনীত করা হয়। এবার আগামী বছরের ২০ থেকে ২৫ মে যুক্তরাষ্ট্রের সাউথ ডাকোটায় এসিএম-আইসিপিসির বিশ্ব আসরের চূড়ান্ত পর্ব অনুষ্ঠিত হবে। এতে ঢাকা পর্বের বিজয়ী তিন থেকে চারটি দল অংশ নিতে পারে বলে তিনি জানান। অনুষ্ঠানে জানানো হয়, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের এক হাজার ৬৬৫টি দল প্রতিযোগিতায় অংশ নিতে অনলাইনে নিবন্ধন করে। এর মধ্যে প্রথমবারের মতো ১২৯টি দলে মেয়েরা অংশ নিচ্ছে। তবে ঢাকা পর্বে নির্বাচিত ১২৫টি দল অংশগ্রহণের সুযোগ পাবে। ঢাকা অঞ্চলের প্রতিযোগিতায় বিজয়ীদের সর্বমোট চার লাখ টাকা পুরস্কার দেওয়া হবে। মেয়েদের জন্য রয়েছে বিশেষ পুরস্কারের ব্যবস্থা। মূলত এবারের আয়োজনে মেয়েদের অংশগ্রহণ বাড়াতে দেশের বেশ কয়েকটি বিশ্ববিদ্যালয়ে গ্রুমিং সেশন আয়োজন করা হয়। ১৯৯৮ সাল থেকে এসিএম-আইসিপিসির মূল পর্বে বাংলাদেশ নিয়মিত অংশ নিয়ে আসছে। গত বছর বাংলাদেশ থেকে তিনটি দল চূড়ান্ত পর্বে অংশ নেয়

Link-http://bangla.samakal.net/2016/11/17/249821

NEWAGE

# UAP to hold final of int'l programming contest

**Staff Correspondent**

UNIVERSITY of Asia Pacific is going to arrange the two-day regional final of the International Collegiate Programming Contest on Friday.

The inauguration ceremony of the contest titled 2016 ACM-ICPC Asia Dhaka Regional Contest would be held on the university campus on Friday and the prize giving and closing ceremony would be held on Saturday, said a university press release.

University Grants Commission chairman Abdul Mannan will attend the inauguration programme as chief guest while ACM-ICPC Asia director Professor CJ Hwang, information and communication technology division secretary Shyam Sunder Sikder, UAP board of trustee chairman Qayum Reza Chowdhury, will attend the ceremony as special guests.

Finance minister Abul Maal Abdul Muhith will attend the concluding ceremony of the event as chief guest while information and communication technology state minister Zunaid Ahmed Palak will be present at the function as special guest.

ACM International Collegiate Programming Contest is an annual multi-tiered competitive programming competition for the universities across the world.




Guests attend a press briefing at University of Asia Pacific in the capital on Wednesday on 2016 ACM-ICPC Asia Dhaka Regional Contest to be held on the university campus on Friday. — New Age photo

http://epaper.newagebd.net/17-11-2016/3

কালের কণ্ঠ

## আগামীকাল থেকে এসিএম-আইসিপিসি ঢাকা আঞ্চলিক প্রতিযোগিতা-২০১৬

**টেক প্রতিদিন ডেস্ক ▷**

এসিএম-আইসিপিসি (এসিএম আন্তর্জাতিক প্রোগামিং কনটেস্ট)-কে ধরা হয় বিশ্বের অন্যতম মর্যাদাপূর্ণ প্রোগামিং প্রতিযোগিতা। ১৯৯৮ সাল থেকে এই প্রতিযোগিতায় অংশ নিচ্ছে বাংলাদেশ। এরই অংশ হিসেবে 'ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক' ঢাকা আঞ্চলিক প্রতিযোগিতার আয়োজন করেছে। ১৮ নভেম্বরে শুরু হতে যাওয়া এ প্রতিযোগিতার সার্বিক তত্ত্বাবধানে থাকবেন অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী। প্রতিযোগিতা দুই ধাপে অনুষ্ঠিত হবে। প্রাক-নির্বাচনী অনলাইন প্রতিযোগিতা ও মূল প্রতিযোগিতা। এ বছর ৮১টি প্রতিষ্ঠানের এক হাজার ৫৬৬টি দল অংশগ্রহণ করছে। ১৯ নভেম্বরের মূল প্রতিযোগিতায় ১২৫টি দল অংশগ্রহণ করবে। আগামী বছরের ২০-২৫ মে এসিএম-আইসিপিসি ওয়ার্ল্ড ফাইনাল-২০১৭ যুক্তরাষ্ট্রের সাউথ ডাকোটায় অনুষ্ঠিত হবে।

http://www.ekalerkantho.com/home/next_page/5

মাসিক
সি নিউজ beta
প্রযুক্তির কণ্ঠস্বর
www.cnewsvoice.com

# এসিএম-আইসিপিসি এশিয়া আঞ্চলিক পর্ব ১৮-১৯ নভেম্বর

নভেম্বর 16, 2016

এসিএম-আইসিপিসি (এসিএম আন্তর্জাতিক প্রোগামিং কনটেস্ট) বিশ্বের সবচেয়ে মর্যাদাপূর্ণ দলভিত্তিক বার্ষিক প্রোগামিং প্রতিযোগিতা। ১৯৯৮ সাল থেকে এসিএম-আইসিপিসি বিশ্ব ফাইনাল প্রতিযোগিতায় বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের দল সমূহ নিয়মিত ভাবে অংশগ্রহণ করে আসছে। ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক (ইউএপি) এর কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ আগামী ১৮ ও ১৯ নভেম্বর ২ দিন ব্যাপী এসিএম-আইসিপিসি, ঢাকা আঞ্চলিক প্রতিযোগিতার আয়োজন করেছে। উক্ত প্রতিযোগিতার সার্বিক তত্বাবধায়নে থাকবেন অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী, উপাচার্য, ইউএপি এবং সমন্বয়ে থাকবেন ড. বিলকিস জামাল ফেরদৌসী, বিভাগীয় প্রধান, কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ, ইউএপি।




ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক (ইউএপি)-এর কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ আগামী ১৮ ও ১৯ নভেম্বর ২ দিন ব্যাপী এসিএম-আইসিপিসি, ঢাকা আঞ্চলিক প্রতিযোগিতার আয়োজন করেছে। উক্ত এসিএম আর্ন্তজাতিক কলেজিয়েট প্রোগ্রামিং কনটেষ্ট (এসিএম-আইসিপিসি) এর উদ্বোধনী অনুষ্ঠান ১৮ নভেম্বর শুক্রবার এবং সমাপনী অনুষ্ঠান ১৯ নভেম্বর শনিবার এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয়ের সিটি ক্যাম্পাস-এ অনুষ্ঠিত হবে।

acm International Collegiate Programming Contest

এসিএম-আইসিপিসি প্রতিযোগিতাটি দুইটি ধাপে অনুষ্ঠিত হয়। প্রাক-নির্বাচনী অনলাইন প্রতিযোগিতা এবং মূল প্রতিযোগিতা। মূল প্রতিযোগিতায় অংশগ্রহণকারীরা একটি নির্দিষ্ট প্রাঙ্গনে সমাবেত হয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকেন। এ বছর প্রাক-নির্বাচনী প্রতিযোগিতায় এবং মূল প্রতিযোগিতা প্রতিযোগিতায় মোট ১,৬৬৫ টি দল নিবন্ধন করে যার মধ্যে ৮১ টি প্রতিষ্ঠানের ১,৫৬৬ টি দল অংশগ্রহণ করে। উল্লেখ্য ২০১৫ সালে ৭৫ টি প্রতিষ্ঠানের ৯৮৫টি দল অংশগ্রহণ করেছিল। বাংলাদেশের তরুন প্রোগ্রামারদের এই ক্রমাগত আগ্রহ বৃদ্ধি (৬৫% এর অধিক) বিশ্বের দরবারে

আমাদের অবস্থান তৈরীতে সহায়তা করবে। এছাড়া আরও উল্লেখ যোগ্য যে, আইসিপিসির ইতিহাসে এবারই প্রথমবারের মত ১২৯ টি মেয়েদের দল অংশগ্রহণ করেছে। ১৯ নভেম্বর এর মূল প্রতিযোগিতায় ১২৫ টি দল অংশগ্রহন করবে।

ঢাকা আঞ্চলিক (এসিএম-আইসিপিসি) প্রতিযোগিতা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন স্বনামধন্য অধ্যাপক ড. সি জে হুয়াং, পরিচালক এসিএম-আইসিপিসি, এশিয়া আঞ্চলিক। উল্লেখ্য, অধ্যাপক ড. সি জে হুয়াং, একজন প্রখ্যাত কম্পিউটার বিজ্ঞানী। তিনি বর্তমানে টেক্সাস স্টেট বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান বিভাগে অধ্যাপক হিসেবে কর্মরত আছেন। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের মাননীয় চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান। বিশেষ অতিথি হিসাবে আরও উপস্থিত থাকবে শ্যাম সুন্দর শিকদার, সচিব, তথ্য যোগাযোগ ও প্রযুক্তি বিভাগ(আইসিটিডি) এবং কাইয়ুম রেজা চৌধুরী, চেয়ারম্যান, বোর্ড অব ট্রাষ্টি, এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয়।

পুরস্কার বিতরনী ও সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জুনাইদ আহমেদ পলক, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী আইসিটি বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং কাইয়ুম রেজা চৌধুরী, চেয়ারম্যান, বোর্ড অব ট্রাষ্টি, এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয়। উক্ত প্রতিযোগীতায় বিজয়ীদের মধ্যে বিভিন্ন ক্যাটাগরিতে ০৪ (চার) লক্ষ টাকা পুরস্কার হিসাবে বিতরণ করা হবে।

উল্লেখ্য আগামী ২০-২৫ মে এসিএম-আইসিপি ওয়ার্ল্ডফাইনাল-২০১৭ আমেরিকার সাউথ ডাকোটাতে অনুষ্ঠিত হবে। এসিএম-আইসিপিসি ঢাকা রিজিওনাল-এর প্রথম ৩/৪ টি দল ওয়ার্ল্ড ফাইনালে অংশগ্রহণ করবে বলে আশা করা হচ্ছে।

**–গোলাম দাস্তগীর তৌহিদ**

http://cnewsvoice.com/%E0%A6%8F%E0%A6%B8%E0%A6%BF%E0%A6%8F%E0%A6%AE-%E0%A6%86%E0%A6%87%E0%A6%B8%E0%A6%BF%E0%A6%AA%E0%A6%BF%E0%A6%B8%E0%A6%BF-%E0%A6%8F%E0%A6%B6%E0%A6%BF%E0%A7%9F%E0%A6%BE-%E0%A6%86%E0%A6%9E%E0%A7%8D/

breakingnews.com.bd
যখনই ঘটনা তখনই সংবাদ

# এসিএম-আইসিপিসি এশিয়া আঞ্চলিক প্রতিযোগিতা শুক্রবার




ঢাকা: আগামী শুক্রবার (১৮ নভেম্বর) অনুষ্ঠিত হবে বিশ্বের সবচেয়ে মর্যাদাপূর্ণ দলভিত্তিক বার্ষিক প্রোগামিং প্রতিযোগিতা এসিএম-আইসিপিসি (এসিএম আন্তর্জাতিক প্রোগামিং কনটেস্ট) এর ঢাকা পর্ব। প্রাক-নির্বাচনী অনলাইন প্রতিযোগিতা শেষে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক (ইউএপি) ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে মূল প্রতিযোগিতা।

প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে বিভিন্ন ক্যাটাগরিতে ০৪ (চার) লাখ টাকা পুরস্কার হিসাবে বিতরণ করা হবে। বুধবার এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জনানো হয়।

সংবাদ সম্মেলনে জানানো হয়, এ বছর প্রাক-নির্বাচনী প্রতিযোগিতায় এবং মূল প্রতিযোগিতায় মোট ১,৬৬৫ টি দল নিবন্ধন করেছে। যারমধ্যে ৮১ টি প্রতিষ্ঠানের ১,৫৬৬ টি দল অংশগ্রহণ করে।

ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক (ইউএপি) উপাচার্য অধ্যাপক জামিলুর রেজা চৌধুরীর তত্বাবধানে ঢাকা আঞ্চলিক পর্বের সমন্বয় করছেন বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের বিভাগীয় প্রধান ড. বিলকিস জামাল ফেরদৌসী।

সূত্র আরও জানিয়েছে, প্রতিযোগিতা অনুষ্ঠানে এসিএম-আইসিপিসি এশিয়া আঞ্চলের পরিচালক ও টেক্সাস স্টেট বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান অধ্যাপক ড. সি জে হুয়াং ছাড়াও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান ও এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয় বোর্ড অব ট্রাষ্টি চেয়ারম্যান কাইয়ুম রেজা চৌধুরী উপস্থিত থাকবেন।

প্রসঙ্গত, ১৯৯৮ সাল থেকে এসিএম-আইসিপিসি বিশ্ব ফাইনাল প্রতিযোগিতায় বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের দলসমূহ নিয়মিত ভাবে অংশগ্রহণ করে আসছে। গত বছর এই প্রতিযোগিতায় ৭৫ টি প্রতিষ্ঠানের ৯৮৫টি দল অংশগ্রহণ করেছিল। বাংলাদেশের তরুণ প্রোগ্রামারদের এই ক্রমাগত আগ্রহ বৃদ্ধি (৬৫% এর অধিক) বিশ্বের দরবারে আমাদের অবস্থান তৈরীতে সহায়তা করবে। এছাড়া আরও উল্লেখযোগ্য যে, আইসিপিসির ইতিহাসে এবারই প্রথমবারের মত ১২৯ টি মেয়েদের দল অংশগ্রহণ করেছে। ১৯ নভেম্বর এর মূল প্রতিযোগিতায় ১২৫ টি দল অংশগ্রহণ করবে।

আগামী ২০-২৫ মে এসিএম-আইসিপিসি ওয়ার্ল্ডফাইনাল-২০১৭ আমেরিকার সাউথ ডাকোটাতে অনুষ্ঠিত হবে।

http://www.breakingnews.com.bd/bangla/news/3515

Techsohor.com

# এসিএম-আইসিপিসির ঢাকা পর্ব বসছে শুক্রবার

প্রকাশঃ ২:১৫ অপরাহ্ন, ২১ ঘন্টা আগে - সর্বশেষ সম্পাদনাঃ ২:১৫ অপরাহ্ন, নভেম্বর ১৬, ২০১৬

**টেক শহর কনটেন্ট কাউন্সিলর :** বিশ্বের সবচেয়ে মর্যদাপূর্ণ প্রোগ্রামিং প্রতিযোগিতা আন্তর্জাতিক কলেজিয়েট প্রোগ্রামিং প্রতিযোগিতা এসিএম-আইসিপিসির ঢাকা পর্বের চূড়ান্ত আসর অনুষ্ঠিত হবে শনিবার।

তবে ঢাকা পর্বের চূড়ান্ত প্রতিযোগিতার আগের দিনও বিভিন্ন আয়োজন থাকবে। যেখানে বিভিন্ন স্কুল কলেজের শিক্ষার্থীরাও প্রোগ্রামিং করতে অংশ নেবে।

এবারের প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে রাজধানীর ফার্মগেটের ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক (ইউএপি) ক্যাম্পাসে। যার আয়োজন করেছে বিশ্ববিদ্যালয়টির কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ।




বুধবার এসিএম-আইসিপিসি প্রতিযোগিতাটির ঢাকা পর্বের আয়োজন নিয়ে এশিয়া প্যাসিফিক ইউনিভার্সিটির উপাচার্য ও এবারের প্রতিযোগিতাটির আঞ্চলিক পরিচালক অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী বিস্তারিত তুলে ধরেন।

তিনি বলেন, বিশ্বে খুবই মর্যদাপূর্ণ এই প্রতিযোগিতা শুরু হয় ১৯৭০ সাল থেকে। আর বাংলাদেশ অংশগ্রহণ করতে শুরু করে ১৯৯৮ সাল থেকে। তখন থেকেই বাংলাদেশ প্রতিযোগিতায় ভালো করে আসছে।

সেই ধারাবাহিকতায় এবারও বাংলাদেশ থেকে শীর্ষ দলগুলোকে বেছে নিতে আঞ্চলিক এই আয়োজন করা হচ্ছে। যেখান থেকে তিন অথবা চারটি দল প্রতযোগিতার বিশ্ব আসরে অংশ নেবে। আগামী বছরের ২০ থেকে ২৫ মে যুক্তরাষ্ট্রের সাউথ ডাকোটায় এসিএম-আইসিপিসির বিশ্ব আসরের চূড়ান্ত পর্ব অনুষ্ঠিত হবে বলে জানান তিনি।

অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী জানান, প্রতিযোগিতায় অংশ নিতে অনলাইনে নিবন্ধন করেছে এক হাজার ৬৬৫টি দল। যেখানে ৮১টি শিক্ষা প্রতিষ্ঠানের এক হাজার ৫৬৬টি দল অংশগ্রহণ করে। এবারই প্রথমবারের মতো ১২৯টি মেয়েদের দল অংশগ্রহণ করেছে।

তবে ১৯ নভেম্বর শনিবারের ঢাকা পর্বের চূড়ান্ত প্রতিযোগিতায় ১২৫টি দল অংশ নিতে পারবে বলে জানান।

এবারই বিপুল সংখ্যক প্রতিযোগী অংশ নিয়েছে জানিয়ে প্রবীণ এই অধ্যাপক বলেন, আমার মনে হয় কিছুটা হলেও প্রোগ্রামিংয়ে সবার মধ্যে আশা জাগাতে পেরেছি। কারণ এবার রেকর্ড সংখ্যক দল নিবন্ধন করেছে অংশ নিতে। যেখানে ২০১৫ সালে ৭৫টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে মাত্র ৯৮৫টি দল অংশ নিয়েছিল।

ঢাকা অঞ্চলের সমাপনীতে বিভিন্ন ক্যাটাগরিতে বিজয়ীদের মধ্যে সর্বমোট চার লাখ টাকা পুরস্কার দেওয়া হবে। যেখানে মেয়েদের জন্য আলাদা করে বেশ কয়েকটি ক্যাটাগরি থাকবে বলে সংবাদ সম্মেলনে জানানো হয়।

১৯৯৮ সাল থেকে এসিএম-আইসিপিসির মূল পর্বে বাংলাদেশ নিয়মিত অংশ নিয়ে আসছে। গত বছরের প্রতিযোগিতায়ও বাংলাদেশ থেকে তিনটি বিশ্ববিদ্যালয় চূড়ান্ত পর্বে অংশ নেয় এবং দক্ষিণ এশিয়ার মধ্যে অনেক ভালো ফল করে।

শুক্রবার সকালে প্রতিযোগিতার উদ্বোধন করবেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার কথা রয়েছে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের। এছাড়াও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক উপস্থিত থাকবেন।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মো. কায়কোবাদ, এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের প্রধান বিলকিস জামাল ফেরদৌসী, বিশ্ববিদ্যালয়টির কোষাধ্যক্ষ ইশফাক এলাহী চৌধুরী, রেজিস্টার সরওয়ার আর চৌধুরী, সিএসই ফ্যাকাল্টি মেম্বার নাহিদা সুলতানা চৌধুরীসহ আরও অনেকে।

http://techshohor.com/news/70841

# এশিয়া প্যাসিফিকে আঞ্চলিক প্রোগ্রামিং প্রতিযোগিতা

নিজস্ব প্রতিবেদক | নভেম্বর ১৬, ২০১৬




আজ (১৬ নভেম্বর)বুধবার এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয়ে আসন্ন এসিএম-আইসিপিসি প্রতিযোগিতার বিভিন্ন বিষয়াবলী নিয়ে সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।এসিএম-আইসিপিসি (এসিএম আন্তর্জাতিক প্রোগামিং কনটেস্ট) বিশ্বের সবচেয়ে মর্যাদাপূর্ণ দলভিত্তিক বার্ষিক প্রোগামিং প্রতিযোগিতা। ১৯৯৮ সাল থেকে এসিএম-আইসিপিসি বিশ্ব ফাইনাল প্রতিযোগিতায় বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের দলসমূহ নিয়মিতভাবে অংশগ্রহণ করে আসছে।

ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ আগামী ১৮ ও ১৯ নভেম্বর ২ দিন ব্যাপী এসিএম-আইসিপিসি, ঢাকা আঞ্চলিক প্রতিযোগিতার আয়োজন করেছে। উক্ত প্রতিযোগিতার সার্বিক তত্বাবধায়নে থাকবেন অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী, উপাচার্য, ইউএপি এবং সমন্বয়ে থাকবেন ড. বিলকিস জামাল ফেরদৌসী, বিভাগীয় প্রধান, কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ, ইউএপি।

ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক (ইউএপি)-এর কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ আগামী ১৮ ও ১৯ নভেম্বর ২ দিন ব্যাপী এসিএম-আইসিপিসি, ঢাকা আঞ্চলিক প্রতিযোগিতার আয়োজন করেছে। উক্ত এসিএম আর্ন্তজাতিক কলেজিয়েট প্রোগ্রামিং কনটেষ্ট (এসিএম-আইসিপিসি) এর উদ্বোধনী অনুষ্ঠান ১৮ নভেম্বর শুক্রবার এবং সমাপনী অনুষ্ঠান ১৯ নভেম্বর শনিবার এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয়ের সিটি ক্যাম্পাস-এ অনুষ্ঠিত হবে।

এসিএম-আইসিপিসি প্রতিযোগিতাটি দুইটি ধাপে অনুষ্ঠিত হয়। প্রাক-নির্বাচনী অনলাইন প্রতিযোগিতা এবং মূল প্রতিযোগিতা। মূল প্রতিযোগিতায় অংশগ্রহণকারীরা একটি নির্দিষ্ট প্রাঙ্গনে সমাবেত হয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকেন। এ বছর প্রাক-নির্বাচনী প্রতিযোগিতায় এবং মূল প্রতিযোগিতা প্রতিযোগিতায় মোট ১,৬৬৫ টি দল নিবন্ধন করে যার মধ্যে ৮১ টি প্রতিষ্ঠানের ১,৫৬৬ টি দল অংশগ্রহণ করে। উল্লেখ্য ২০১৫ সালে ৭৫ টি প্রতিষ্ঠানের ৯৮৫টি দল অংশগ্রহণ করেছিল। বাংলাদেশের তরুন প্রোগ্রামারদের এই ক্রমাগত আগ্রহ বৃদ্ধি (৬৫% এর অধিক) বিশ্বের দরবারে আমাদের অবস্থান তৈরীতে সহায়তা করবে। এছাড়া আরও উল্লেখ যোগ্য যে, আইসিপিসির ইতিহাসে এবারই প্রথমবারের মত ১২৯ টি মেয়েদের দল অংশগ্রহণ করেছে। ১৯ নভেম্বর এর মূল প্রতিযোগিতায় ১২৫ টি দল অংশগ্রহন করবে।

ঢাকা আঞ্চলিক (এসিএম-আইসিপিসি) প্রতিযোগিতা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন স্বনামধন্য অধ্যাপক ড. সি জে হুয়াং, পরিচালক এসিএম-আইসিপিসি, এশিয়া আঞ্চলিক। উল্লেখ্য, অধ্যাপক ড. সি জে হুয়াং, একজন প্রখ্যাত কম্পিউটার বিজ্ঞানী। তিনি বর্তমানে টেক্সাস স্টেট বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান বিভাগে অধ্যাপক হিসেবে কর্মরত আছেন।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় চেয়ারম্যান জনাব অধ্যাপক আব্দুল মান্নান। বিশেষ অতিথি হিসাবে আরও উপস্থিত থাকবে জনাব শ্যাম সুন্দর শিকদার, সচিব, তথ্য যোগাযোগ ও প্রযুক্তি বিভাগ(আইসিটিডি) এবং জনাব কাইয়ুম রেজা চৌধুরী, চেয়ারম্যান, বোর্ড অব ট্রাষ্টি, এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয়।

পুরস্কার বিতরনী ও সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিত। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী আইসিটি বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং জনাব কাইয়ুম রেজা চৌধুরী, চেয়ারম্যান, বোর্ড অব ট্রাষ্টি, এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয়। উক্ত প্রতিযোগীতায় বিজয়ীদের মধ্যে বিভিন্ন ক্যাটাগরিতে ০৪ (চার) লক্ষ টাকা পুরস্কার হিসাবে বিতরণ করা হবে।

উল্লেখ্য আগামী ২০-২৫ মে এসিএম-আইসিপি ওয়ার্ল্ডফাইনাল-২০১৭ আমেরিকার সাউথ ডাকোটাতে অনুষ্ঠিত হবে। এসিএম-আইসিপিসি ঢাকা রিজিওনাল-এর প্রথম ৩/৪ টি দল ওয়ার্ল্ড ফাইনালে অংশগ্রহণ করবে বলে আশা করা হচ্ছে।

http://lekhapora24.com/%E0%A6%8F%E0%A6%B6%E0%A6%BF%E0%A7%9F%E0%A6%BE-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%BE%E0%A6%B8%E0%A6%BF%E0%A6%AB%E0%A6%BF%E0%A6%95-%E0%A6%AC%E0%A6%BF%E0%A6%B6%E0%A7%8D%E0%A6%AC%E0%A6%AC%E0%A6%BF%E0%A6%A6/65000